গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট বিভাগ, সিলেট।
ddsyl@fireservice.gov.bd

"মুজিব বর্ষের প্রতিশ্রুতি সেবা, ত্যাগ ও অগ্রগতি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ উদযাপন, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১০০% বাস্তবায়ন, আসন্ন শারদীয় দূর্গাপুজা-২০২১ উদযাপন উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তা, প্রকল্পভূক্ত নির্মাণাধীন ফায়ার স্টেশনে মনিটরিং, ফায়ার স্টেশনের জমি নামজারী, বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিষ্ট্রেশন/নবায়ন, বহুতল ভবন পরিদর্শন এবং সরেজমিনে পরিদর্শন পূর্বক ফায়ার লাইসেন্স প্রদান ও নবায়ন ইত্যাদি বিষয়ে ০৩/১০/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ আনিসুর রহমান
উপ পরিচালক
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময় : ০৩/১০/২০২১ খ্রিঃ ও ১০:০০ ঘটিকা।
স্থান : উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট এর সম্মেলন কক্ষ।
সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা : পরিশিষ্ট-'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময় শেষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ উদযাপন, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ১০০% বাস্তবায়ন, আসন্ন শারদীয় দূর্গাপুজা-২০২১ উদযাপন উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তা, প্রকল্পভূক্ত নির্মাণাধীন ফায়ার স্টেশনে মনিটরিং, ফায়ার স্টেশনের জমি নামজারী, বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিষ্ট্রেশন/নবায়ন, বহুতল ভবন পরিদর্শন এবং সরেজমিনে পরিদর্শন পূর্বক ফায়ার লাইসেন্স প্রদান ও নবায়ন ইত্যাদি বিষয়ে বিভিন্ন দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভায় সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১ উদযাপন | আগামী ০৪-০৬ নভেম্বর, ২০২১ খ্রি: তারিখ "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২১" উদযাপন উপলক্ষ্যে অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ফায়ার সপ্তাহ উপলক্ষে একঐ ধরণের কমিটি গঠন এবং কর্মসূচী ক্রোড়পত্র মোতাবেক কমিটি গঠন করে গঠিত কমিটি/উপ-কমিটির সভাপতিকে স্ব-স্ব কার্য্যক্রমের বিষয়ে সভা করে অনুমোদনের জন্য দিবসের ১৫দিন পূর্বে অধিদপ্তরে প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক<br>ও<br>উপ সহকারী পরিচালক |
| ২ | ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | অধিদপ্তর কর্তৃক ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী যথাসময়ে সূচকের মান লক্ষ্যমাত্রা ১০০% অর্জন করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে সকল কার্যক্রমের প্রমাণক যথাযথভাবে সংগ্রহপূর্বক সংরক্ষণ করে প্রতিবেদনের সময় দাখিল করতে হবে। | সহকারী পরিচালক<br>উপ সহকারী পরিচালক<br>ওয়্যারহাউজ ইন্সপেক্টর<br>সকল ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৩ | আসন্ন শারদীয় দূর্গাপুজা-২০২১ উদযাপন উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহণ | আসন্ন শারদীয় দূর্গাপুজা-২০২১ উদযাপন উপলক্ষ্যে অগ্নিনিরাপত্তার জন্য আওতাধীন বিভাগ/জেলা ও উপজেলা সমূহের সকল পূজা মন্ডপের তালিকা (মোবাইল নম্বরসহ) সংগ্রহ করতে হবে। শহর ও শহরতলির প্রতিটি পূজা মন্ডপে নিয়মিত মনিটরিংসহ কঠোর নজরদারি রাখতে হবে। প্রতিটি পূজা মন্ডপে অগ্নিনির্বাপনের জন্য ০২টি করে ফায়ার এক্সটিংগুইসার স্থাপনের ব্যবস্থা জন্য পূজা কমিটির সভাপতি/সেক্রেটারী বরাবর পত্র দিয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারকে অনুলিপি দিতে হবে। আগামী ১৫ অক্টোবর/২০২১ তারিখ বিজয়া দশমীতে প্রতিমা বিসর্জনের দিন স্থানীয় প্রশাসনের চাহিদা মোতাবেক গুরুত্বপূর্ণ স্থানসমূহে ডুবুরী ইউনিট মোতায়েনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক<br>উপ সহকারী পরিচালক<br>ওয়্যারহাউজ ইন্সপেক্টর<br>সকল ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৪ | প্রকল্পভূক্ত নির্মাণাধীন ফায়ার স্টেশনে মনিটরিং | প্রকল্পভূক্ত নির্মাণাধীন ফায়ার স্টেশনে সমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। সিডিউল মোতাবেক নির্মাণ কাজ হচ্ছে কিনা তদারকিসহ কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী বরাবর পত্র প্রেরণ করতে হবে। প্রতি মাসে সর্বশেষ নির্মাণ কাজের অগ্রগতির প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক<br>ও<br>উপ সহকারী পরিচালক |

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৫ | গাড়ী/পাম্প ও সাজ-সরঞ্জাম রক্ষণাবেক্ষণ | দপ্তর/ফায়ার স্টেশনের সকল গাড়ী/পাম্প ও সাজ-সরঞ্জাম (প্রকল্পের গাড়ী/পাম্পসহ) সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। নিয়মিত রোড টেষ্ট ও ওয়েট টেষ্ট করে সচল রাখতে হবে। | উপসহকারী পরিচালক ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৬ | বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন/নবায়ন | বিভাগীয় সকল গাড়ী বিআরটিএ কর্তৃক রেজিস্ট্রেশন/নবায়ন করে হালনাগাদ করতে হবে। কোন ধরণের সমস্যা থাকলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে সমস্যা সমাধান করতে হবে। | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক |
| ৭ | গাড়ী/পাম্প কনডেম | পুরাতন গাড়ী/পাম্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে কনডেম ঘোষনার প্রক্রিয়া করতে হবে। অতি পুরাতন ২৫ বছর বা অধিক হয়ে থাকলে যদি মেরামত কাজে আশানুরূপ সার্ভিস পাওয়া না যায় এবং মেরামতি কাজে অধিক ব্যয় হয় এক্ষেত্রে কনডেমের আওতায় আনতে হবে। | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক |
| ৮ | জ্বালানী সংক্রান্ত | গাড়ী/পাম্পে ব্যবহৃত বিভিন্ন জ্বালানী বিধি মোতাবেক উত্তোলন ও রেজিষ্টার মেইনটেন করতে হবে। জ্বালানী নিয়ে কোন প্রকার অনিয়ম/ত্রুটি-বিচ্যুতি বরদাস্ত করা হবে না। | সহকারী পরিচালক উপসহকারী পরিচালক ও সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার |
| ৯ | বহুতল ভবন পরিদর্শন | বহুতল ভবনের ছাড়পত্রের শর্ত মোতাবেক সেফটি প্লান বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করে প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী পরিচালক ও উপসহকারী পরিচালক |
| ১০ | ফায়ার লাইসেন্স | যে সমস্ত ফায়ার লাইসেন্স শর্ত স্বাপেক্ষে প্রদান করা হয়েছে পরবর্তীতে নবায়ন কালে শর্ত বাস্তবায়ন হয়েছে কিনা পরিদর্শনপূর্বক নিশ্চিত হয়ে লাইসেন্স নবায়ন করতে হবে। নতুন লাইসেন্স প্রদানের ক্ষেত্রে অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে পরিদর্শন পূর্বক সেফটি নিশ্চিত হয়ে ফায়ার লাইসেন্স প্রদান করতে হবে। | সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক ও ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ১১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে প্রতি ০৩ মাস অন্তর অন্তর প্রশিক্ষনের আয়োজন করতে হবে। নৈতিকতা কমিটি কর্তৃক ০৬ মাস অন্তর অন্তর দূর্নীতিমুক্ত থাকা সংক্রান্ত সভার আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক |
| ১২ | E-HRM ডাটাবেজ আপডেট | যত দ্রুত সম্ভব E-HRM ডাটাবেজ সফটওয়্যারে নির্ভুল তথ্য ইনপুট করে এ দপ্তরকে নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক |
| ১৩ | ই-নথি বাস্তবায়ন ও তথ্য বাতায়ন হালনাগাদ | বিভাগ/জেলা দপ্তর সমূহে যত দ্রুত সম্ভব ই-নথি কার্যক্রম চালু করতে হবে এবং নিয়মিত জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদসহ সেবা বক্স বাস্তবায়ন করতে হবে। | সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক |
| ১৪ | যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ | যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পত্রালাপ করতে হবে। চেইন অফ কমান্ড অনুসরণ না করে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত সরাসরি মহাপরিচালক মহোদয় এবং পরিচালক বরাবর পত্রালাপ করে চেইন অফ কমান্ড অমান্য করলে তার বিরুদ্ধে বিভাগীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশ করা হবে। | সহকারী পরিচালক, উপসহকারী পরিচালক, সিনিয়র স্টেশন অফিসার ওয়্যারহাউজ ইন্সপেক্টর ও স্টেশন অফিসার |
| ১৫ | "মুজিববর্ষে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস-২০২১" উদযাপন | আগামী ১৩ অক্টোবর: "মুজিববর্ষে আন্তর্জাতিক দূর্যোগ প্রশমন দিবস-২০২১" উদযাপন উপলক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ করে শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী দপ্তর, হাসপাতাল, মার্কেটে ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক সচেতনতা বৃদ্ধি মহড়া আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক |
| ১৬ | দপ্তর/ফায়ার স্টেশনের জমি নামজারী | দপ্তর/ফায়ার স্টেশনের জমি নামজারী সম্পন্ন করে হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে। | সহকারী পরিচালক উপ সহকারী পরিচালক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আনিসুর রহমান
উপ পরিচালক
ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫- ১৬১০(৪১)

তারিখঃ ১৮ আশ্বিন' ১৪২৮
০৩ অক্টোবর' ২০২১

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে )

১। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
২। উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৩। সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
৪। ওয়্যার হাউজ ইন্সপেক্টর, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট-১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬।
৫। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ................................ (সকল)।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।

০৩/১০/২০২১

মোঃ আনিসুর রহমান
উপ পরিচালক
ফোন-০২৯৯৬৬৪৩৩৯২।